

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৯১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যা উল্লেখ করলাম, তার বিশুদ্ধতা প্রমাণে দ্বিতীয় হাদীস

ذِكْنُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بِصِحَّةِ مَا ذَكَرْنَاهُ

আরবী

বাংলা

২০৯১. জাবির বিন সামুরাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এক পাত্রে সারীদ খাবার দেওয়া হয়, যাতে রস্ন ছিল। ফলে তিনি তা না খেয়ে আবৃ আইয়ূব রাদ্বিয়াল্লাহু আনহুর কাছে পাঠিয়ে দেন। আবৃ আইয়ূব রাদ্বিয়াল্লাহু আনহু পাত্রে ঠিক সেখানে হাত রেখে খাবার খেতেন, যেখানে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হাত রেখে খাবার খেতেন। সুতরাং যখন তিনি তাতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হাতের কোন চিহ্ন দেখতে না পেলেন, তখন তিনি সেই খাবার না খেয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি প্লেটে আপনার হাতের কোন চিহ্ন দেখতে পাইনি!" জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন,



"সেখানে রসূনের গন্ধ রয়েছে, আর আমার সাথে ফেরেস্তা রয়েছেন।"[1]

ফুটনোট

[1] আত তায়ালিসী: ৫৮৯; মুসনাদ আহমাদ; ৫/৯৫; তাবারানী: ১৯৭২; সহীহ মুসলিম: ২০৫৩; তিরমিযী: ১৮০৭; তাহাবী: ৪/২৩৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৮/১৫৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন